# জাতীয় ক্রীড়া পরিষদ

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

নং-এনএসসি/২১১/জেন/১৭৭৭ তারিখঃ০৬/০৮/১৭ খ্রিঃ

**বিষয়ঃ- মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।**

সূত্রঃ স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৩.১৬.০৭.২০১৪-২৭১; তারিখঃ-১৩/১২/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত জাতীয় ক্রীড়া পরিষদ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের হালনাগাদ তথ্য সম্বলিত বাস্তবায়ন ও অগ্রগতি প্রতিবেদন সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৬/৮/১৭

(অশোক কুমার বিশ্বাস)
(যুগ্মসচিব)
সচিব
জাতীয় ক্রীড়া পরিষদ।

সংযুক্তঃ বর্ণনামতে-০১ পাতা

সচিব
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপিঃ**

১। সহকারী সচিব, সমন্বয় শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, জাতীয় ক্রীড়া পরিষদ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)

# জাতীয় ক্রীড়া পরিষদ

৬৯২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

## মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমুহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ২. | মসবৈ-০৭(২)/২০১৫, তারিখ-১৬ ফেব্রুয়ারি, ২০১৫<br><br>বিষয়-৩ ঃ উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of financial powers for Development Projects) এবং অনুন্নয়ন বাজেটের আর্থিক ক্ষমতা অর্পণ (Delegation of Financial Powers) ও পুনঃঅর্পণ (Sub Delegation) সংক্রান্ত সংশ্লিষ্ট পরিপত্রসমূহ সংশোধনের প্রস্তাব অনুমোদন।<br>সিদ্ধান্তঃ সকল মন্ত্রণালয়/বিভাগ ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কাযক্রম গ্রহণ করিবে। | ই-টেন্ডারিং কার্যক্রম বাস্তবায়নের জন্য পরিষদের ২ জন কর্মকর্তা গত ২২ জুন ২০১৬ তারিখ দিনব্যাপি প্রশিক্ষণ গ্রহণ করেছেন। পরিষদের ডোমেন বেইজড ই-মেইল আইডি তৈরী করা হয়েছে। এখন ই-জিপি তে অংশ গ্রহণের কোন বাধা নেই। ই-ফাইলিং এর প্রাথমিক পর্যায়ের পদক্ষেপগুলো (ল্যান কানেকশন, নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগসহ PoS পিন্টার, স্ক্যানার ইত্যাদি) বাস্তবায়ন চালু রয়েছে। গত ২১-২৪ নভেম্বর ২০১৬ (৪ দিন ব্যাপী) ই-ফাইলিং বিষয়ে পরিষদের ০৩ (তিন) কর্মকর্তা প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রশিক্ষণ গ্রহণ করেন। ই-ফাইল (নথি) ব্যবস্থাপনা/বাস্তবায়ন বিষয়ে পরিষদের ১৬ জন কর্মকর্তা/কর্মচারীকে গত ২৭ ও ২৮ নভেম্বর ২ দিনব্যাপী ০৬ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে ২০ জন কর্মকর্তা/কর্মচারীকে অভ্যন্তরীন প্রশিক্ষণ প্রদান করা হয়।<br>ই-আপ সিষ্টেমের উপর পরিষদের ০৩ জন কর্মকর্তা গত ৩০-৩১ ডিসেম্বর এবং ১ জানুয়ারী, ২০১৭ তারিখে সিপিটিউ-তে PE (Procurement Entity) Based প্রশিক্ষণ গ্রহণ করেন।<br>e-up/e-tendering এর সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। Organizational Admin Design সম্পন্ন হয়েছে। এখন পরিষদের টেন্ডার ই-জিপিতে দিতে বাধা নেই।<br>জাতীয় ক্রীড়া পরিষদ-গত ২৪-০৭-২০১৭ তারিখ হতে ই-ফাইলিং কার্যক্রম শুরু করেছে। |
| ৮. | মসবৈ-৪২(১১)২০১৫;তারিখ-০২ নভেম্বর, ২০১৫<br><br>বিষয়-২ ঃ `১৯৭৫ সালের ১৫ আগষ্ট হইতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ পযন্ত সময়ের মধ্যে জারিকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩` এর তফসিল সংশোধনের বিষয়ে মন্ত্রিসভাকে অবহিতকরণ।<br>সিদ্ধান্তঃ<br>১২.২। `১৯৭৫ সালের ১৫ আগষ্ট হইতে ১৯৭৯ সালের ০৯ এপ্রিল তারিখ পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া সকল স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন পরিমার্জনক্রমে নতুন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করিয়া যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপনের জন্য গত ১৪ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে প্রদত্ত নির্দেশনা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহ যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক দ্রুত বাস্তবায়ন করিবে। | মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী জাতীয় ক্রীড়া পরিষদ আইন সংশোধনী অধ্যাদেশ ১৯৭৬ ও সংশোধনী অধ্যাদেশ ১৯৭৮ এর আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলা ভাষায় প্রণীত নতুন আইনের খসড়া গত ১৯/১২/২০১৬ তারিখের মন্ত্রিপরিষদ বৈঠকে অনুমোদিত হয়েছে। বর্তমানে আইন মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন কাজ চলছে। |